



## মানহানির মামলায় হাইকোর্টে জামিন পেলেন আমির হামজা



মুফতি আমির হামজা। ছবি: সংগৃহীত

মানহানির মামলায় কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য মুফতি আমির হামজাকে আগাম জামিন দিয়েছেন হাইকোর্ট। সোমবার বিচারপতি জাহিদ সারওয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের সম্মুখে গঠিত বেঞ্চ এ আদেশ দেন।

আদালতে তার পক্ষে শুনানিতে অংশ নেন জ্যেষ্ঠ আইনজীবী মোহাম্মদ শিশির মনির। তার সঙ্গে ছিলেন আইনজীবী অ্যাডভোকেট সাদ্দাম হোসেন। শুনানি শেষে শিশির মনির জানান, হাইকোর্ট আমির হামজাকে ৮ সপ্তাহের জন্য, অথবা মামলার বিচার শেষ না হওয়া পর্যন্ত আগাম জামিন মঞ্জুর করেছেন। নির্ধারিত সময়ে তাকে সিরাজগঞ্জের সংশ্লিষ্ট আদালতে আত্মসমর্পণ করতে হবে।

এর আগে একই মামলায় গ্রেপ্তার এড়াতে হাইকোর্টে আগাম জামিনের আবেদন করেন আমির হামজা।

উল্লেখ্য, গত ২১ এপ্রিল বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকুকে নিয়ে আপত্তিকর মন্তব্যের অভিযোগে দায়ের করা মানহানির মামলায় তার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয়। সিরাজগঞ্জের অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত এ আদেশ দেন।